
The Bangladesh Monitor - A Premier Travel Publication

# অস্ট্রেলিয়ায় উড়োজাহাজ দুর্ঘটনায় নিহত ৩

- A Monitor Desk Report | Date: 11 October, 2025




**ঢাকাঃ অস্ট্রেলিয়ার নিউ সাউথ ওয়েলস অঙ্গরাজ্যে একটি ছোট উড়োজাহাজ বিধ্বস্তের ঘটনা ঘটেছে। এতে কমপক্ষে ৩জন নিহত হয়েছেন বলে জানিয়েছে পুলিশ।**

এক বিবৃতিতে পুলিশ জানায়, শনিবার (১১ অক্টোবর)রাজ্যের রাজধানী সিডনি থেকে প্রায় ৮৫ কিলোমিটার (৫৩ মাইল) দক্ষিণে অবস্থিত শেলহারবার বিমানবন্দরে স্থানীয় সময় সকাল ১০টার দিকে উড়োজাহাজটি উড্ডয়নের কিছুক্ষণের মধ্যেই বিধ্বস্ত হয়।

পুলিশ আরও জানিয়েছে, ভূমিতে আঘাত করার সঙ্গে সঙ্গেই উড়োজাহাজটিতে আগুন ধরে যায়। পরে ফায়ার অ্যান্ড রেসকিউ নিউ সাউথ ওয়েলসের সদস্যরা আগুন নিয়ন্ত্রণে আনেন।

এ দুর্ঘটনায় ৩জনের মৃত্যু নিশ্চিত করা হয়েছে বলেও জানিয়েছে পুলিশ।

ঘটনাস্থলে অপরাধ তদন্তের জন্য ক্রাইম সিন গঠন করা হয়েছে এবং অস্ট্রেলিয়ান ট্রান্সপোর্ট সেফটি ব্যুরোকে বিষয়টি অবহিত করা হয়েছে বলেও উল্লেখ করা হয় বিবৃতিতে।

-B